গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ১২৫/২০১৭-১৮

ঢাকা, বৃহস্পতিবার ২৮ ডিসেম্বর ২০১৭, ১৪ পৌষ ১৪২৪

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় সজাগ থাকতে হবে : নবীন সেনা কর্মকর্তাদের উদ্দেশে প্রধানমন্ত্রী

২। পদ্মাসেতুর অগ্রগতি ৫০ শতাংশ : সেতুমন্ত্রী

৩। এক লাখ টন সার আমদানি করবে সরকার : ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সিদ্ধান্ত

৪। রোহিঙ্গা সংকট সমাধানে মিয়ানমারকেই এগিয়ে আসতে হবে : স্পিকার

৫। রোহিঙ্গা ক্যাম্পে ১২ এনজিও'র কার্যক্রম বন্ধ

৬। বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন করতে গণমাধ্যমের প্রতি স্পিকারের আহ্বান

৭। মাদকের বিরুদ্ধে সরকারের অবস্থান কঠোর : স্বরাষ্ট্রমন্ত্রী

৮। রাজধানীতে ৫৬ ছিনতাইকারী গ্রেফতার, ৯৮ শতাংশই মাদকাসক্ত

৯। ব্রি বিজ্ঞানীদের সাফল্য : ধানের পাঁচটি নতুন জাত উদ্ভাবন

১০। দেশের ৯ পৌরসভা ও ১১৫ ইউনিয়ন পরিষদে ভোটগ্রহণ আজ

১১। বিটকয়েন থেকে দূরে থাকার নির্দেশ বাংলাদেশ ব্যাংকের

চলমান পাতা-২

১। স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় সজাগ থাকতে হবে : নবীন সেনা কর্মকর্তাদের উদ্দেশে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা নতুন কমিশনপ্রাপ্ত বাংলাদেশ সেনাবাহিনীর সদস্যদের বহু ত্যাগের বিনিময়ে অর্জিত স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় সজাগ ও সদা প্রস্তুত থাকার আহ্বান জানিয়েছেন। প্রধানমন্ত্রী বলেন, মনে রাখতে হবে অনেক রক্ত আর ত্যাগ-তিতিক্ষার বিনিময়ে অর্জিত হয়েছে আমাদের এ স্বাধীনতা। কাজেই এ দায়িত্ব পালনে সজাগ ও সদা প্রস্তুত থাকতে হবে, যাতে এ স্বাধীনতা নিয়ে কেউ ছিনিমিনি খেলতে না পারে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (২৭ ডিসেম্বর বুধবার) চট্টগ্রামের ভাটিয়ারিস্থ বাংলাদেশ মিলিটারি একাডেমিতে ৭৫তম বিএমএ দীর্ঘমেয়াদি কোর্সে অংশগ্রহণকারীদের কমিশনপ্রাপ্তি উপলক্ষে আয়োজিত রাষ্ট্রপতি প্যারেডে প্রধান অতিথির ভাষণে একথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.১)।

২। পদ্মাসেতুর অগ্রগতি ৫০ শতাংশ : সেতুমন্ত্রী

পদ্মাসেতুর সর্বশেষ কাজের অগ্রগতি ৫০ শতাংশ। পিলারের ওপর দ্বিতীয় স্প্যান জানুয়ারির মাঝামাঝিতে বসানোর সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছেন সড়ক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। গতকাল (২৭ ডিসেম্বর বুধবার) মুন্সীগঞ্জের সিরাজদিখান উপজেলার মস্তফাগঞ্জে একটি সেতু উদ্বোধনশেষে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২)।

৩। এক লাখ টন সার আমদানি করবে সরকার : ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সিদ্ধান্ত

কৃষির জন্য প্রয়োজনীয় সারের মজুত বাড়াতে আন্তর্জাতিক কোটেশনের মাধ্যমে এক লাখ টন সার আমদানির সিদ্ধান্ত নিয়েছে সরকার। এসব সারের মধ্যে ব্যাগড প্রিল্ড ইউরিয়া সার ২৫ হাজার টন এবং ব্যাগড গ্রানুলার সার ৭৫ হাজার টন। এছাড়া দু'টি দেশ থেকে ১৪ লাখ টন ক্রুড অয়েল আমদানির প্রস্তাবসহ মোট আটটি ক্রয়প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। গতকাল (২৭ ডিসেম্বর বুধবার) সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মেলনকক্ষে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সভাপতিত্বে কমিটির সভা অনুষ্ঠিত হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১৭,ক.২), **অবজারভার** (শেষ পৃ.,ক.১)।

৪। রোহিঙ্গা সংকট সমাধানে মিয়ানমারকেই এগিয়ে আসতে হবে : স্পিকার

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, রোহিঙ্গা ইস্যুতে আন্তর্জাতিক সম্প্রদায় শুরু থেকেই বাংলাদেশের ভূমিকায় সন্তোষ প্রকাশ করে আসছে। এ সংকট সমাধানে মিয়ানমারকেই এগিয়ে আসতে হবে। সফররত ফ্রান্সের পার্লামেন্ট সদস্য বুয়ন তানের নেতৃত্বে এক সংসদীয় প্রতিনিধিদল গতকাল (২৭ ডিসেম্বর বুধবার) তার কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করলে স্পিকার এসব কথা বলেন। দু'দেশের পারস্পরিক সম্পর্ক ভবিষ্যতে আরও দৃঢ় হবে আশাপ্রকাশ করে বুয়ন তান বলেন, ফ্রান্স সরকার রোহিঙ্গা ইস্যুতে সবসময় বাংলাদেশের পাশে থাকবে। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **সংবাদ** (পৃ.২,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.২)।

৫। রোহিঙ্গা ক্যাম্পে ১২ এনজিও'র কার্যক্রম বন্ধ

মিয়ানমার থেকে পালিয়ে আসা প্রায় ৭ লাখ রোহিঙ্গা অনুপ্রবেশের নেপথ্যে কতিপয় নিবন্ধনহীন এনজিও উৎসাহ জুগিয়েছে বলে অভিযোগ উঠেছে। যে কারণে বিভিন্ন তথ্য-উপাত্ত সংগ্রহ করে ওইসব এনজিওকে দায়ী করে রোহিঙ্গা ক্যাম্পে তাদের সব কার্যক্রম বন্ধ করে দিয়েছে প্রশাসন। কক্সবাজারের উখিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. নিকারুজ্জামান জানান, রোহিঙ্গা অনুপ্রবেশসহ বিভিন্ন অনৈতিক কারণে রোহিঙ্গা ক্যাম্পভিত্তিক ১২টি এনজিও'র সব কার্যক্রম বন্ধ করে দেওয়া হয়েছে। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.২), **সমকাল** (পৃ.২,ক.১)।

৬। বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন করতে গণমাধ্যমের প্রতি স্পিকারের আহ্বান

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী গণতান্ত্রিক চর্চা সমুন্নত রাখার লক্ষ্যে মুক্তিযুদ্ধের চেতনায় দায়িত্বশীল, বস্তুনিষ্ঠ সংবাদ ও অনুষ্ঠান পরিবেশন করতে গণমাধ্যমের প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল (২৭ ডিসেম্বর বুধবার) বৈশাখী টিভির একযুগ পূর্তি উপলক্ষে দিনব্যাপী অনুষ্ঠানমালার উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে স্পিকার এ আহ্বান জানান। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৫), **ডেইলি সান** (পৃ.৩,ক.১)।

৭। মাদকের বিরুদ্ধে সরকারের অবস্থান কঠোর : স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন বলেছেন, মাদক নিয়ে সরকার কঠোর অবস্থানে আছে। কারাগারে মাদক প্রবেশে কড়াকড়ি আরোপ করা হচ্ছে। গতকাল (২৭ ডিসেম্বর বুধবার) প্রথমে নারায়ণগঞ্জ জেলা কারাগারে নির্মিত 'রিজিলিয়ান্স' নামের গার্মেন্টস কারখানা ও জামদানি পণ্য উৎপাদন কেন্দ্র, ৬ তলা সেল ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন, পরে জেলা প্রশাসকের সম্মেলনকক্ষে আধুনিক মিলনায়তন উদ্বোধন ও সদর উপজেলার ফতুল্লায় বিসিক শিল্প নগরীতে ফায়ার সার্ভিসের অফিস উদ্বোধনের পর তিনি একথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৪), **যুগান্তর** (পৃ.৩,ক.৪), **নিউজ টুডে** (পৃ.১,ক.২), **নিউ নেশন** (পৃ.১,ক.৩)।

৮। রাজধানীতে ৫৬ ছিনতাইকারী গ্রেফতার, ৯৮ শতাংশই মাদকাসক্ত

রাজধানীতে ব্যাগ, মোবাইলসহ বিভিন্ন জিনিসপত্র ছিনতাইয়ের সাথে জড়িত ৯৮ শতাংশ সদস্য মাদকাসক্ত। তাদের কোনো সংঘবদ্ধ চক্র নেই, এলাকাভেদে কয়েকজন মিলে এ ধরনের অপরাধমূলক কাজ করে এ পার্টির সদস্যরা। গত ২৬ ডিসেম্বর মঙ্গলবার রাজধানীর বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে ৫৬ ছিনতাইকারীকে আটক করে জিজ্ঞাসাবাদে এসব তথ্য পেয়েছে ডিবি। গতকাল (২৭ ডিসেম্বর বুধবার) ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) মিডিয়া সেন্টারে আয়োজিত এক সংবাদ সম্মেলনে ঢাকা মহানগর গোয়েন্দা (ডিবি) পুলিশের যুগ্ম-কমিশনার আব্দুল বাতেন এসব তথ্য প্রকাশ করেন। তিনি বলেন, যেসব এলাকায় ছিনতাইকারী বেশি সক্রিয় সেসব স্পটগুলো চিহ্নিত করা হয়েছে। এসব স্পটে আমাদের অভিযান অব্যাহত থাকবে। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২)।

৯। ব্রি বিজ্ঞানীদের সাফল্য : ধানের পাঁচটি নতুন জাত উদ্ভাবন

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (ব্রি) বিজ্ঞানীরা পাঁচটি নতুন জাতের ধান উদ্ভাবন করেছেন। এতে জাত উদ্ভাবনে নতুন ইতিহাস সৃষ্টি করলেন ব্রি'র বিজ্ঞানীরা। গতকাল (২৭ ডিসেম্বর বুধবার) জাতীয় কারিগরি কমিটিতে ধানের নতুন উদ্ভাবিত ব্রি ধান৮২, ব্রি ধান৮৩, ব্রি ধান৮৪, ব্রি ধান৮৫ ও ব্রি ধান৮৬ নামের জাতগুলো চূড়ান্ত অনুমোদন পেয়েছে। উদ্ভাবিত জাতগুলো অল্প দিনে উচ্চফলনশীল হওয়ায় দেশের মোট ধান উৎপাদনে এগুলো উল্লেখযোগ্য অবদান রাখবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.৭,ক.৬), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.১)।

১০। দেশের ৯ পৌরসভা ও ১১৫ ইউনিয়ন পরিষদে ভোটগ্রহণ আজ

আজ (২৮ ডিসেম্বর বৃহস্পতিবার) পৌরসভা, ইউনিয়ন পরিষদ ও উপজেলা-জেলা পরিষদ মিলিয়ে ১২৭ স্থানীয় সরকার পরিষদের বিভিন্ন পদে ভোট গ্রহণ করা হচ্ছে। নির্বাচন কমিশনের কর্মকর্তারা জানিয়েছেন, এসব স্থানীয় সরকার পরিষদে কোনটিতে সাধারণ নির্বাচন, স্থগিত কেন্দ্রের নির্বাচন এবং বিভিন্ন কারণে শূন্য হওয়া পদে উপনির্বাচন অনুষ্ঠিত হবে। সকাল আটটা থেকে ভোট গ্রহণ শুরু হবে। তা বিরতি ছাড়াই চলবে বেলা চারটা পর্যন্ত। তবে জেলা পরিষদের নির্বাচনে সকাল নয়টা থেকে ভোট গ্রহণ শুরু হবে, তা চলবে বেলা দুইটা পর্যন্ত। জেলা পরিষদের নির্বাচনে শুধু জনপ্রতিনিধিরা ভোট দেবেন। অন্যগুলোতে ভোট দেবেন সাধারণ ভোটাররা। ইতোমধ্যে এসব স্থানীয় সরকার পরিষদের নির্বাচন সুষ্ঠু করতে ব্যাপক প্রস্তুতি নেওয়া হয়েছে। ব্যালট পেপারসহ ভোটারসরঞ্জাম বিভিন্ন কেন্দ্রে পৌঁছানো হয়েছে। আইনশৃঙ্খলা বাহিনীর সমন্বয়ে নির্বাচনী এলাকায় ব্যাপক নিরাপত্তাব্যবস্থা গড়ে তোলা হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১)।

১১। বিটকয়েন থেকে দূরে থাকার নির্দেশ বাংলাদেশ ব্যাংকের

ডিজিটাল কারেন্সি বিটকয়েনসহ এ ধরনের ভার্চুয়াল মুদ্রা কোনো দেশের কেন্দ্রীয় ব্যাংক দ্বারা স্বীকৃত নয়। ফলে গ্রাহকরা এসব মুদ্রার ওপর নির্ভর করলে আর্থিক ও আইনগত ঝুঁকির মধ্যে পড়তে পারেন। তাই এ ধরনের মুদ্রায় লেনদেন ও প্রচারণা থেকে বিরত থাকার ব্যাপারে সতর্ক করেছে বাংলাদেশ ব্যাংক। ভার্চুয়াল মুদ্রায় লেনদেন থেকে বিরত থাকতে এর আগেও সতর্কীকরণ বিজ্ঞপ্তি দিয়েছিল বাংলাদেশ ব্যাংক। গত ২৪ ডিসেম্বর রোববার আবারও কেন্দ্রীয় ব্যাংকের ওয়েবসাইটে এ বিষয়ে একটি সতর্কীকরণ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১), **নিউ নেশন** বিজনেস পাতা (পৃ.১,ক.৫)।

সম্পাদকীয়

ক. **সমকাল :** মুন্সিগঞ্জে কৃষিজমি হ্রাস পাওয়ার খবরে উদ্বেগ প্রকাশ করে সারাদেশে এরকম ক্রমহ্রাসমান কৃষিজমি রক্ষায় কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

খ. **ইনকিলাব :** রাজধানীর দখলকৃত অনেক স্থাপনা উদ্ধার করা হলেও তা পুনরায় বেদখল হয়ে যাওয়ার কথা উল্লেখ করে অবৈধ দখল উচ্ছেদের পর তা যথাযথভাবে সংরক্ষণ নিশ্চিত করার সুপারিশ।

গ. **সংবাদ :** কক্সবাজারের উখিয়া ও টেকনাফে পাহাড় কেটে বন ধ্বংস করে একের পর এক রোহিঙ্গা শিবির গড়ে তোলায় জীববৈচিত্র্য মারাত্মক হুমকির মুখে পড়ছে উল্লেখ করে অবিলম্বে রোহিঙ্গাদের অন্যত্র সরানোর ওপর গুরুত্বারোপ।

ঘ. **ইত্তেফাক :** মালয়েশিয়ায় সাংস্কৃতিক অনুষ্ঠানের আড়ালে মানবপাচারের অভিযোগে এক চলচ্চিত্র পরিচালককে মালয়েশিয়ান পুলিশ আটক করেছে–এ খবরে নিন্দা জানিয়ে দেশের ভাবমূর্তি বিনষ্টকারীদের যথোচিত শাস্তি দাবি।

ঙ. **প্রথম আলো :** রেলওয়ে কর্তৃপক্ষের দীর্ঘদিন ধরে পরিত্যক্ত ১৮টি রেলকোচ সংস্কারের উদ্যোগ নেওয়াকে অনুকরণযোগ্য দৃষ্টান্ত বলে মতপ্রকাশ।

চ. **ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান :** পরিবেশ সুরক্ষার স্বার্থে ধলেশ্বরী নদীকে দূষণের হাত থেকে বাঁচাতে সাভারের ট্যানারিশিল্পের বর্জ্য সংশোধনে অতিদ্রুত সেন্ট্রাল ইফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্ল্যান্ট গড়ে তোলার সুপারিশ।

ছ. **ডেইলি স্টার, নিউ নেশন :** ২০১৭ সালের প্রথম নয় মাসে মাদক ব্যবসায় অভিযুক্ত ১০ জনের ৬ জনই মামলার চার্জশিট থেকে মুক্ত হয়ে যাওয়ার ঘটনা তুলে ধরে এ সংক্রান্ত আইনের ফাঁক-ফোকর বন্ধ করে প্রচলিত আইনকে মজবুত করার ওপর গুরুত্বারোপ।

জ. **নিউজ টুডে :** ঢাকা উত্তর সিটি করপোরেশন কর্তৃক ফার্মগেটে অবস্থিত ৬টি কোচিং সেন্টারের ট্রেড লাইসেন্স বন্ধ করে দেওয়ার উদ্যোগকে স্বাগত জানিয়ে সব কোচিং সেন্টার বন্ধে কঠোর আইনি পদক্ষেপের প্রত্যাশা।

ঝ. **নিউ নেশন :** হালদা নদীর সুরক্ষায় শিল্পকারখানার বর্জ্য নদীতে ফেলা প্রতিহত করতে কঠোর নজরদারির ব্যবস্থা করার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

উপসম্পাদকীয়

প্রথম আলো পত্রিকায় প্রকাশিত কলামে রাজনৈতিক নেতাদের গণতন্ত্র, সুশাসন ও উন্নয়ন এ তিনের মধ্যে সমন্বয় করে জনগোষ্ঠীকে এগিয়ে নিতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত **'এগিয়ে যাচ্ছে বালাদেশ, আরও এগিয়ে যাবে'** শিরোনামের নিবন্ধে মানসম্পন্ন কর্মসংস্থান বাড়াতে শিল্পায়নের গতি বাড়াতে হবে বলে অভিমত প্রকাশ করা হয়েছে।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ঘন্টা